



ঢাকা কমার্স কলেজে গতকাল জঙ্গি ও মাদকবিরোধী সচেতনতা কর্মসূচি অনুষ্ঠিত হয় • প্রতিদিনের সংবাদ

## ঢাকা কমার্স কলেজে জঙ্গি ও মাদকবিরোধী সচেতনতা কর্মসূচি

ঢাকা কমার্স কলেজে জঙ্গি ও মাদকবিরোধী সচেতনতা কর্মসূচি অনুষ্ঠিত হয়। গতকাল বৃহস্পতিবার ঢাকা মেট্রোপলিটন পুলিশ শাহআলী থানার উদ্যোগে ঢাকা কমার্স কলেজে এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা মিরপুর জোন এর অতিরিক্ত উপপুলিশ কমিশনার মো. কামাল হোসেন। মুখ্য আলোচক ছিলেন শাহআলী ও দারুস সালাম জোনের সহকারী পুলিশ কমিশনার মো. জাহাঙ্গীর আলম। কর্মসূচিতে বক্তব্য দেন শাহআলী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. সালাউদ্দিন মিয়া। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঢাকা কমার্স কলেজের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) প্রফেসর মো. শফিকুল ইসলাম। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন ঢাকা কমার্স কলেজের সাংস্কৃতিক কমিটির আহ্বায়ক এস এম আলী আজম। কর্মসূচিতে কলেজের শিক্ষার্থীরা অংশ নেন। এ সময় তারা জঙ্গি ও মাদককে 'না' বলে অঙ্গীকার করেন। সংবাদ বিজ্ঞপ্তি।

